

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ৩৪০-আইন/আয়কর/২০১৯।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক নিবন্ধিত জামদানি তাঁত সমিতি কর্তৃক জামদানি শিল্পের জন্য আমদানীকৃত কাঁচামালের উপর উক্ত Ordinance এর অধীন আরোপণীয় উৎসে অগ্রীম আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তসমূহ:

- (ক) আমদানীকৃত কাঁচামাল শুধু জামদানি তাঁত শিল্পে ব্যবহার করিতে হইবে; এবং
- (খ) আমদানীকৃত কাঁচামাল কোনোভাবেই স্থানীয়ভাবে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd/](http://www.kdroy.com.bd/)[www.ltr.com.bd](http://www.ltr.com.bd/)

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব